দৈনিক সংবাদ

তারিখ 29 SEP 1987
পৃষ্ঠা ... কলাম 2

010

# মৌলবীবাজারে প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বিস্তর সমস্যা

॥ আল-আজাদ ॥

মৌলবীবাজার, ২৭শে সেপ্টেম্বর।— মৌলবীবাজার জেলায় প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বিস্তর সমস্যা বিরাজ করছে।

মৌলবীবাজার জেলায় প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ৭শ' ৭২। এর মধ্যে ৬শ' ৯৩টি সরকারী ও ৭৯টি বেসরকারী। সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলোতে সর্বসাকুল্যে যে ১ লাখ ৫৩ হাজার ৪' ৫০ জনের মতো ছাত্র-ছাত্রী রয়েছে তার মাঝে ৬৩ হাজার ৭শ' ৬০জন প্রথমশ্রেণীতে, ৩৩ হাজার ৪শ' ৭০ জন দ্বিতীয় শ্রেণীতে, ২৫ হাজার ৩শ' জন তৃতীয় শ্রেণীতে, ১৮ হাজার ১শ' ৩০ জন চতুর্থ শ্রেণীতে ও ১২ হাজার ৭শ৯০জন পঞ্চম শ্রেণীতে। এই হিসেবে যেখানে কমপক্ষে ৩ হাজার ৬৯ জন শিক্ষক থাকার কথা সেখানে সরকারি নির্ধারিত শিক্ষক পদ সংখ্যা বড়জোর ২ হাজার ২শ' ৫৮। এরপরও প্রধান শিক্ষকের ২০টি ও সহকারী শিক্ষকের ১শ' ২১টি পদ দীর্ঘদিন যাবৎ খালি পড়ে আছে। একইভাবে উপজেলা শিক্ষা কর্মকর্তার ৬টির ৩টি, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার ৩৩টির ২০টি এবং হিসাবরক্ষকের ২টির সব ক'টি পদও শূন্য।

গত বছর মৌলবীবাজার জেলায় প্রতিটি উপজেলা থেকে ২টি করে মোট ১২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করার কথা ছিল; কিন্তু স্থানীয় কোন্দলের দরুন রাজনগর উপজেলায় তা করা যায়নি। এছাড়া এখানকার সবক'টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে আসবাবপত্র, বিশুদ্ধ পানি, শিক্ষা উপকরণ, খেলার মাঠ প্রভৃতির সংকট অত্যন্ত তীব্র। এ যাবৎ অন্ততঃ ৭০ শতাংশ বিদ্যালয় ভবন কাঁচা রয়ে গেছে। এর মধ্যে আবার শতকরা ১০ ভাগ ধসে পড়ার উপক্রম। বেসরকারী প্রাথমিক বিদ্যালয়সমূহের অবস্থা আরও বেশি নাজুক।